



'দুটি সন্তানের বেশী নয় একটি হলে ভাল হয়'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ
১৬, আব্দুল গণি সড়ক, ঢাকা-১০০০
e-mail: dmss@dgfood.gov.bd
web: www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০০৬.১৭-৬৩২(৫)

তারিখ : ৩০/০৮/২০১৭ খ্রিঃ

বিষয় : সড়ক ও নৌ পথে সর্বমোট ২০৬০০ মেগটন আমদানীকৃত সিদ্ধ চালের চলাচল সূচি।

মোংলা বন্দরে আগত জাহাজ MV.TRANG AN-05, MV.DONG AN QUEEN জাহাজদ্বয় হতে ১৬৬০০ মেগটন এবং চট্টগ্রাম বন্দরে আগত MV.HARUKA জাহাজ হতে ৪০০০ মেগটন সহ সর্বমোট ২০৬০০ মেগটন আমদানীকৃত সিদ্ধ চালের জাহাজ খালাসের স্বার্থে এবং ভিজিডি, ইপি/ওপি এবং খাদ্যবান্ধব সহ বিভিন্ন খাতের চাহিদা পূরণের লক্ষ্যে সড়ক ও নৌ পথে সর্বমোট ২০,৬০০ মেগটন আমদানীকৃত সিদ্ধ চালের চলাচল সূচি নির্দেশক্রমে জারি করা হলো।

পরিবহণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাবলী পালনীয় :-

- ১। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম/খুলনা প্রেরক হিসেবে কার্য সম্পাদন করবেন।
- ২। আখানি/চসনি প্রযোজ্য ক্ষেত্রে সূচির এলএসডি/সিএসডি'র ক্রমানুযায়ী উপ-সূচি জারি করবেন এবং অত্র দপ্তরে উক্ত উপ-সূচির কপি/অনুলিপি প্রেরণ করবেন।
- ৩। কীট আক্রান্ত এবং নিম্নমানের কোন চাল প্রেরণ করা যাবেনা এবং অধিদপ্তরের অনুমোদন ব্যতিরেকে সূচি বর্হিত্ত কোন কেন্দ্রে খাদ্যশস্য প্রেরণ করা যাবে না।
- ৪। প্রতি ট্রাক/বার্জে এ প্রেরিত চালের বিশ্লেষণ বিবরণীসহ নমুনা অবশ্যই যৌথ স্বাক্ষরে সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে।
- ৫। মাত্রাতিরিক্ত পরিবহণ ঘটতির মূল্য আদায়ের ব্যবস্থা করতে হবে এবং ইনভয়েসের ফেরত কপি প্রেরকের নিকট যথাসময় পাঠাতে হবে।
- ৬। প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা খাদ্যশস্য প্রেরণ, প্রাপ্তি ও ডি-ইনভয়েস মনিটরিং করবেন এবং সপ্তাহ শেষে অত্র দপ্তরে প্রতিবেদন প্রেরণ করবেন।
- ৭। সংশ্লিষ্ট আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক / জেলা খাদ্য নিয়ন্ত্রক / সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা/ ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ সূচি অনুযায়ী চাল প্রেরণ এবং গন্তব্যস্থানে মালামাল যথাযথভাবে পরিবহণ ও প্রাপ্তি মনিটরিং করবেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। কোন কেন্দ্র থেকে বিনির্দেশ বর্হিত্ত/নিম্নমানের চাল প্রেরণ করা হলে সংশ্লিষ্ট সকলের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গৃহীত হবে।
- ৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদার ভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুত ও জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক প্রতিস্বাক্ষর পূর্বক ফ্যাক্স মারফতে অধিদপ্তরকে প্রেরণ করতে হবে।
- ৯। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ তার অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন।
- ১০। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ও ঠিকাদার ভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্স যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।
- ১১। এই সূচির মেয়াদ আগামী ১৫/০৯/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।
- ১২। সূচির নির্ধারিত তারিখের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে পরবর্তীতে আগ্রহী ঠিকাদারের অনুকূলে উপ-সূচি জারি করার জন্য আখানি/চসনিদের অনুরোধ করা হলো।

- প্রাপক : ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা/চট্টগ্রাম।
২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, খুলনা।
৩। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), খুলনা/চট্টগ্রাম।

স্বাক্ষর

(মোঃ মিজানুর রহমান)

উপ-পরিচালক

চলাচল পরিকল্পনা রেল ও সড়ক

ফোন : ০২-৯৫৫১৪২৮

তারিখ : ৩০/০৮/২০১৭ খ্রিঃ

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০০৬.১৭-৬৩২(৫)/৭০

অনুলিপি : সদয় অবগতি/অবগতির জন্য।

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩। পরিচালক, সববি/হিসাব ও অর্থ/সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/বরিশাল।
- ৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৬। জেলা খাদ্য নিয়ন্ত্রক,.....।
- ৭। ব্যবস্থাপক, সিএসডি।
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, এলএসডি।
- ০৯। অফিস কপি।


উপ-পরিচালক

চলাচল পরিকল্পনা রেল ও সড়ক

৩০.০৮.১৭

চলমান পাতা-২

